গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

স্মারক নং-৪৬.০৪৫.০১৪.০০.০০.১৬.২০১৭–৫৭৫ তারিখ ঃ ১৬/০৪/২০১৭

বিষয় ঃ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) পরিবেশগত ছাড়পত্রের জন্য স্থানীয় কর্তৃপক্ষের নিকট হতে অনাপত্তি গ্রহণ প্রসঙ্গে।

সূত্র ঃ প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর স্মারক নং-০৮২, তারিখঃ ১০/০৪/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে, উপজেলা পর্যায়ে ইউজিডিপি প্রকল্পের আওতায় উপ-প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে নির্ধারিত ছকে অনাপত্তি পত্র প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ৩ ফর্দ।

১৬/০৪/২০১৭
(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৭৭২৩০
e-mail : lgd.upazila2@gmail.com

১। বিভাগীয় কমিশনার.........................(সকল)।

অনুলিপি ঃ

১. প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প।
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩. সিনিয়র রিপ্রেজেন্টটেটিভ, জাইকা বাংলাদেশ অফিস, গুলশান-১, ঢাকা।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩৩

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প
স্থানীয় সরকার বিভাগ
জনস্বাস্থ্য প্রকৌশল ভবন
১৪, ক্যাপ্টেন মনসুর আলী সরনী, কাকরাইল, ঢাকা-১০০০

স্মারকনং- ৪৬.৬০০.০১৪.০০.০০.০১৫.২০১৭.০৮২ তারিখঃ ১০.০৪.২০১৭ খ্রিঃ

বিষয়: উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) পরিবেশগত ছাড়পত্রের জন্য স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি)" আওতায় উপজেলা পর্যায়ে উপ-প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর হতে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ আবশ্যক।

The Environment Conservation Rules, 1997 এর ৭ (৬) (III) বিধি অনুযায়ী পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদনপত্রের সাথে নির্ধারিত ছক অনুযায়ী স্থানীয় কর্তৃপক্ষের (উপজেলা নির্বাহী অফিসার / জেলা প্রশাসক / বিভাগীয় কমিশনার) অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।

পরিবেশ অধিদপ্তরের পরামর্শ অনুযায়ী "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি)" পরিবেশগত ছাড়পত্রের জন্য স্থানীয় কর্তৃপক্ষ হিসেবে বিভাগীয় কমিশনারগনের নিকট থেকে অনাপত্তিপত্র গ্রহন করা যেতে পারে।

এমতাবস্থায়, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় উপজেলা পর্যায়ে উপ-প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর হতে পরিবেশগত ছাড়পত্র গ্রহণের নিমিত্তে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারগণকে অনাপত্তিপত্র প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগ হতে পত্র প্রদান করা আবশ্যক। পরিবেশগত ছাড়পত্রের জন্য বিভাগীয় কমিশনার কর্তৃক প্রদেয় অনাপত্তিপত্রের নমুনা ছক / খসড়া এসাথে প্রেরণ করা হলো।

এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ
১। পরিবেশগত ছাড়পত্রের জন্য স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় অনাপত্তিপত্রের ছক

১০/০৪/১৭
(মোঃ মহসিন)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ফোনঃ ৯৩৪৬১৬৭

সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ: যুগ্ম সচিব (উপজেলা)]

উপজেলা-০২ শাখা
ডায়েরী নং ...২৭৮...
তারিখঃ ...১১/০৪/১৭...
সিঃ সহকারী সচিব/উপ-সচিব

১০২

(বিভাগীয় কমিশনারের কার্যালয়, --------- বিভাগ /
ঠিকানা

উন্নয়নের গণতন্ত্র শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং তারিখ:

অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্রের জন্য স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় অনাপত্তিপত্রের ছক

১। আবেদনকারীর নাম : উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

২। পিতা/স্বামী/স্ত্রী'র নাম : প্রযোজ্য নহে

৩। আবেদনকারীর ঠিকানা : জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, ১৪, ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল,

ঢাকা-১০০০।

৪। কারখানা/প্রকল্পের অবস্থানগত ঠিকানা :

প্রকল্পটির মাধ্যমে পর্যায়ক্রমে -------------------- বিভাগের সকল উপজেলায় জনগণকে সেবা প্রদানের উদ্দেশ্যে জনগনের চাহিদামত ছোট ছোট বিভিন্ন উপ-প্রকল্প বাস্তবায়ন করা হবে। উপজেলার জন্য বরাদ্দকৃত অর্থের ৮০% সরবরাহ ও অবকাঠামো উন্নয়নের জন্য এবং অবশিষ্ট ২০% স্থানীয় পর্যায়ের কর্মকর্তা/অফিস সহায়কদের / জনগনের দক্ষতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ সংক্রান্ত কর্মসূচীতে ব্যয় করা হবে।

অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত বাস্তবায়িতব্য প্রধান কর্মকান্ডসমূহ নিম্নরূপ:

১. প্রাতিষ্ঠানিক ভবন সংস্করণ।
২. শিক্ষা-প্রতিষ্ঠানে শিক্ষা উপকরণ সরবরাহ।
৩. স্থানীয় স্বাস্থ্যকেন্দ্র উন্নয়নের জন্য উপকরণ ক্রয়।
৪. পানীয় জল সরবরাহ ব্যবস্থা উন্নতকরন।
৫. স্থানীয় পর্যায়ের কৃষি-কর্মকান্ড উন্নয়নের জন্য অবকাঠামো নির্মাণ/উন্নয়ন।
৬. বন্যা বা ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র সংস্করণ/উন্নয়নের মাধ্যমে স্থানীয় দূর্যোগ ব্যবস্থাপনা শক্তিশালীকরন।
৭. সরকারী অফিসসমূহে সৌর বিদ্যুতের ব্যবস্থা করা।
৮. গ্রামীণ সড়ক সংস্কার।

৫। কারখানা/প্রকল্পের অফিস:

স্থানীয় পর্যায়ের উপজেলা পরিষদ কার্যালয় থেকে প্রকল্পের কর্মকান্ড পরিচালিত হবে। আলাদা করে প্রকল্পের অফিস তৈরির জন্য কোন জমি ক্রয়/অধিগ্রহণ করা হবে না।

৬। কারখানা/প্রকল্পের উৎপাদিত পণ্যের নাম: প্রকল্পের কর্মকাণ্ড বাস্তবায়নের মাধ্যমে কোন পণ্য উৎপাদিত হবে না বরং স্থানীয় পর্যায়ে প্রশাসনিক দক্ষতা এবং জনগণকে সেবা প্রদান প্রক্রিয়াকে আরও কার্যকরী করতে প্রকল্প ভূমিকা পালন করবে।

উপরোক্ত তথ্যাদির আলোকে স্থানীয় সরকার বিভাগের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনাপত্তিপত্র প্রদান করা হল।

শর্তাবলী

১. প্রকল্প স্থাপন ও পরিচালনা ক্ষেত্রে পরিবেশ সংরক্ষণ আইন ও বিধি যথাযথ অনুসরণ করতে হবে।
২. পরিবেশ অধিদপ্তর হতে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ছাড়পত্র গ্রহণ করতে হবে।
৩. কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে।
৪. উপযুক্ত অগ্নি নির্বাপন ব্যবস্থা রাখতে হবে এবং অগ্নিকান্ড কিংবা অন্য কোন দুর্ঘটনার সময় জরুরি নির্গমন ব্যবস্থা থাকতে হবে।
৫. বায়ু ও শব্দ দুষণ করা যাবে না।
৬. প্রকল্প সৃষ্ট তরল বর্জ্য অপরিশোধিত অবস্থায় বাইরে নির্গমন করা যাবে না।

এই অনাপত্তিপত্র কেবল মাত্র -------------------- বিভাগের সকল উপজেলায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প অর্থায়নে বাস্তবায়িত উপ-প্রকল্পের জন্য প্রযোজ্য হবে।

উল্লেখিত যে কোন শর্ত লজ্মন করলে কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্পের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া যাবে।

তারিখ:

স্থানীয় কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল